"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"

**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**

**Bangladesh Open University**

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫। ফোন: ৯২৯১১১২

"বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

স্মারক নং-বাউবি/অর্থ ও হিসাব/স্যাঃ-২১৭৩/ইনোভেশন (এপিএ)/২০২২/৮৭৮৬ তারিখ: ১৮ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ / ০২ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

## ১৮তম সভার নোটিশ

২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন টিমের **১৮তম সভা** আগামী ০৪.০১.২০২৩ তারিখ, বুধবার, দুপুর ২:৩০ টায় ট্রেজারার মহোদয়ের গাজীপুরস্থ অফিস কক্ষে প্রফেসর মোস্তফা আজাদ কামাল, মাননীয় ট্রেজারার ও ডিন, এসওবি এবং সভাপতি ইনোভেশন টিম, বাউবি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

**সভার আলোচ্যসমূহ ঃ**

১. ০৭.০৯.২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৭তম সভার কার্যবিবরণী অনুসমর্থন।
২. ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক (০১ অক্টোবর, ২০২২ থেকে ৩১ ডিসেম্বর, ২০২২) এর প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত বিষয়ে অবহিতকরণ প্রসঙ্গে।
৩. কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের বিষয়ে আলোচনা।
৪. ৩য় কোয়ার্টারের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা।
৫. ই-ফাইলে নোট নিষ্পত্তিকরণ সংক্রান্ত আলোচনা।
৬. বিবিধ।

উক্ত সভায় টিমের সকল সম্মানিত সদস্যকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

নির্দেশক্রমে,

02/01/2023

নার্গিস আখতার
যুগ্ম-পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ
ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম, বাউবি।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১. ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
২. প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
৩. প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি।
৪. জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
৫. সঙ্গীতা মোরশেদ, পরিচালক (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি।
৬. ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।
৭. নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
৮. আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, স্কুল অব বিজনেস, বাউবি।

**অনুলিপি (সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো) ঃ**

১. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সহকারী পরিচালক, রেজিস্ট্রার দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সংশ্লিষ্ট নথি।

-৫৬(২-৪)

"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

মুজিব শতবর্ষ

গাজীপুর-১৭০৫। ফোন : ৯২৯১১১২

"বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

# ইনোভেশন টিমের ১৮তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | প্রফেসর মোস্তফা আজাদ কামাল<br>মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি, বাউবি। |
| সভার তারিখ | ঃ | ০৪ জানুয়ারী, ২০২৩ |
| সভার সময় | ঃ | দুপুর ০২:৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | বাউবি'র ট্রেজারার মহোদয়ের অফিস কক্ষ। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট - 'ক'। |

সভাপতি মহোদয় সভার প্রারম্ভে সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রতিটি আলোচ্যসূচী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হলো ঃ

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | ০৭/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৭ তম সভার কার্যবিবরণী অনুসমর্থন। | ০৭/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৭ তম সভার কার্যবিবরনী অনুসমর্থনের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | ০৭/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১৭ তম সভার কার্যবিবরণী অনুসমর্থীত হয়েছে। |
| ০২ | ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক (০১ অক্টোবর, ২০২২ থেকে ৩১ ডিসেম্বর, ২০২২) এর প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত বিষয়ে অবহিতকরণ প্রসঙ্গে। | সদস্য- সচিব সভাকে জানায় যে, ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক (০১ অক্টোবর, ২০২২ থেকে ৩১ ডিসেম্বর, ২০২২) এর প্রতিবেদন এপিএ ফোকাল পয়েন্ট, বাউবি বরাবর সংযুক্তি সহকারে প্রেরণ করা হয়। | ২০২২-২০২৩ এর ২য় ত্রৈমাসিক (০১ অক্টোবর, ২০২২ থেকে ৩১ ডিসেম্বর, ২০২২) এর প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত বিষয়ে সকল সদস্য অবহিত হন। |
| ০৩ | কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের বিষয়ে আলোচনা। | কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের প্রক্রিয়া নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সম্মানিত সদস্য রেজিস্ট্রার মহোদয় জানান যে, অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন তৈরী করে নথিতে সভাপতি মহোদয়ের অনুমোদন নিয়ে প্রতিবেদনটি উপাচার্য মহোদয় বরাবর পত্রের মাধ্যমে প্রেরণ করা যায়। সেটা আগামীকাল অর্থাৎ ০৫/০১/২০২৩ তারিখে করার বিষয়ে মতামত প্রদান করেন। এ বিষয়ে সভা | কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উপাচার্য মহোদয় বরাবর পত্রের মাধ্যমে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | একমত পোষণ করে। | |
| ০৪ | ৩য় কোয়ার্টারের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা। | বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রশিক্ষণ দেয়ার বিষয়ে আলোচনা হয়। প্রশিক্ষণ আইকিউএসি এবং ইনোভেশন টিমের যৌথ উদ্দোগে করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। সভাপতি মহোদয় Online Free Tools এর ব্যবহার শীর্ষক প্রশিক্ষণকে সিরিজ আকারে করার বিষয়ে মতামত প্রদান করেন। Blended Learning এর উপর কতগুলো প্রশিক্ষণ হতে পারে সে সম্পর্কে ছক আকারে Training Schedule তৈরী করার জন্য কমিটি গঠনের বিষয়ে সভা একমত পোষণ করে। | Blended Learning এর উপর কতগুলো প্রশিক্ষণ হতে পারে সে সম্পর্কে ছক আকারে Training Schedule তৈরী করার জন্য নিম্নক্তোভাবে উপ কমিটি গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>অধ্যাপক ডা: সরকার মো: নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, সভাপতি<br>অধ্যাপক ড. শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, সদস্য<br>সঙ্গীতা মোরশেদ, লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, সদস্য<br>আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, স্কুল অব বিজনেস, সদস্য<br>নার্গিস আখতার, যুগ্ম-পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ, সদস্য-সচিব |
| ০৫ | ই-ফাইলে নোট নিষ্পত্তিকরণ সংক্রান্ত আলোচনা। | কর্মপরিকল্পনায় ই-ফাইলে নোট নিষ্পত্তিকরণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ইনোভেশন টিম এবং ই-নথি বাস্তবায়নের জন্য গঠিত কমিটি এক সংগে আলোচনা করে বাউবি'র তৈরীকৃত ই-ফাইলিং সফ্টওয়ার এর মাধ্যমে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম ই-ফাইলে নোট নিষ্পত্তি করা যায় কি-না সে বিষয়ে সভা মতামত প্রদান করে। | ই-ফাইলে নোট নিষ্পত্তিকরণ সংক্রান্ত বিষয়ে ইনোভেশন টিম এবং ই-নথি বাস্তবায়নের জন্য গঠিত কমিটির সকল সদস্যদের নিয়ে একটি সভা দ্রুত আহবান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৫/১/২০২৩

( প্রফেসর মোস্তফা আজাদ কামাল)
মাননীয় ট্রেজারার ও ডিন, এস ও বি
ও
সভাপতি, ইনোভেশন টিম, বাউবি।

স্মারক নং-বাউবি/অর্থ ও হিসাব/স্যাঃ-২১৭৩/ইনোভেশন (এপিএ)/২০২২/৮৭৯৯

তারিখ: ২২ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ জানুয়ারী ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১. ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি।
২. প্রফেসর ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ও ডিন, এসএসটি, বাউবি।
৩. প্রফেসর ড. মোঃ শাহ আলম সরকার, অধ্যাপক, সার্ড, বাউবি।
৪. জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি।
৫. সঙ্গীতা মোরশেদ, পরিচালক (ভারপ্রাপ্ত), লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, বাউবি।
৬. ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন, পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

৭. নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি।
৮. আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক, স্কুল অব বিজনেস, বাউবি।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণকরা হলো) ঃ**

১. পরিচালক (দায়িত্বপ্রাপ্ত),কম্পিউটার বিভাগ, বাউবি (ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধসহ)।
২. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. সহকারী পরিচালক, রেজিস্ট্রার দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. সংশ্লিষ্ট নথি।

05/01/2023
(নার্গিস আখতার)
যুগ্ম পরিচালক (মনিটরিং), অর্থ ও হিসাব বিভাগ
ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।